

# দেশ-বিদেশ ওয়েব পোর্টাল-এর সৌজন্যে

## বাংলায় কিভাবে ওয়েবপেজ তৈরী করবেন?

১। ওয়েবপেজটা **Image-based** না **বাংলা Character-based** হবে তা আগেই স্থির করে নিন। সহজভাবে ওয়েবপেজ ডিজাইনের জন্য **Microsoft FrontPage**, **Microsoft Publisher 2000** কিংবা **Microsoft Word (ভার্সন>=৯.০)** ব্যবহার করতে পারেন। **Image-based** হলে ব্যবহার করুন **Microsoft Publisher 2000** আর **Character-based**-এর জন্য **Microsoft FrontPage/Microsoft Word (ভার্সন>=৯.০)**। **Microsoft Publisher 2000**-এর মাধ্যমে ওয়েবপেজ ডিজাইন করার সময় প্রতিটি টেক্সট বক্সকে ইমেজে রূপান্তরিত করার জন্য নিচের দু'টি পদ্ধতির যে কোন একটি পছন্দ করতে পারেন: ক. প্রতিটি টেক্সট বক্সে ফিল ইফেক্ট **apply** করে, খ. প্রতিটি বড় টেক্সট বক্সের ভিতরে আরো কিছু ছোট ছোট টেক্সট বক্স কিংবা ইমেজ **add** করে।

২। ওয়েবপেজটা ডিজাইন করুন। ওয়েবপেজে বাংলা লেখার জন্য আপনাকে **বাংলা Keyboard Interface** ব্যবহার করতে হবে। যদি আপনার সর্বশেষ ওয়েবপেজটা ইমেজ-বেসড হয়, তাহলে যে কোন বাংলা এডিটর ব্যবহার করে টেক্সট টাইপ করে উক্ত পেজে কপি-পেস্ট করুন। এক্ষেত্রে আপনি **বাংলা ওয়ার্ড** ব্যবহার করতে পারেন। আর যদি সর্বশেষ ওয়েবপেজটা ক্যারেক্টার-বেসড হয়, তাহলে আপনাকে **Unicode Compliant Bangla Keyboard Interface** এবং **Unicode Bangla Font** ব্যবহার করে সরাসরি উক্ত ওয়েবপেজে টাইপ করতে হবে। এক্ষেত্রে আপনি **অব্র কীবোর্ড** কিংবা **বর্ণসফট কীবোর্ড** ইন্টারফেস ব্যবহার করতে পারেন।

৩। **Microsoft Publisher 2000** কিংবা **Microsoft Word (ভার্সন>=৯.০)** এ ওয়েবপেজটা ডিজাইন করার পর এটা **Save as Webpage** হিসেবে সেভ করুন। **Image-based** ওয়েবপেজ (যা **Microsoft Publisher 2000**-এ ডিজাইন করা) হলে আপনার কাজ এখানেই শেষ। এরপর **ওয়েবপেজটা সার্ভার-এ আপলোড** করুন। আর **বাংলা Character-based** হলে নিম্নের পদ্ধতি অনুসরণ করতে হবে:

### বাংলা Character-based ওয়েবপেজটা ডিজাইন

১। প্রয়োজনীয় সফটওয়্যার: **Unicode Compliant Bangla Keyboard Interface** এবং **Unicode Bangla Font**.

২। উপরে বর্ণিত নিয়মে ওয়েবপেজ ডিজাইন করুন।

৩। এখন আপনার ব্যবহার করা ফন্ট ওয়েবপেজে **embed** করে দিতে হবে। আপনার মনে হয়তো প্রশ্ন আসতে পারে, কেন আমি ফন্ট ওয়েবপেজে **embed** করে দিব। কারন, যে কম্পিউটার থেকে আপনার ওয়েবপেজটা ব্রাউজ করা হবে, সেই কম্পিউটারে যদি আপনার ব্যবহৃত ফন্ট ইনস্টল করা না থাকে, তাহলে আপনার ওয়েবপেজটা ঠিকভাবে ডিসপ্লে হবে না।

**Embedded Font File** তৈরীর দু'টি পদ্ধতি আছে:

- **Portable Font Resources (.pfr)**: এভাবে তৈরী **Embedded Font File**-এর ফন্ট

Windows, Mac এবং Unix OS platform-এ দেখা যাবে. সফটওয়্যার ডাইনলোড :

<http://www.bitstream.com/> . ভারতের অনেক বাংলা পত্রিকা এ পদ্ধতিতে বাংলা ফন্ট embed করে এবং ওয়েবপেজ ব্রাউজ করার সময় Bitstream Font Install করার Dialog Box Display হয়।

- **Embeddable Open Type (.eot):** এভাবে তৈরী Embedded Font File-এর ফন্ট শুধুমাত্র Windows OS -এ দেখা যাবে।

সফটওয়্যার ডাইনলোড:

<http://www.microsoft.com/typography/web/embedding/weft3/default.htm> .

বাংলাদেশের প্রথম আলো এবং ভোরের কাগজে এই পদ্ধতি ব্যবহার করে ফন্ট embed করা হয়; এ কারণে Mac OS-এর ব্রাউজারে উক্ত ওয়েবপেজ দেখা যায় না।

উপরে বর্ণিত যে কোন একটি পদ্ধতির নির্দেশ মত Embedded Font File তৈরী করে তা অবশ্যই ওয়েবপেজের সাথে সার্ভারে আপলোড করতে হবে এবং নিচের চতুর্থ ধাপে উক্ত Embedded Font File লিংক করাতে হবে।

৪। HTML Document-এর Head-এ CSS ব্যবহার করে উক্ত Font File লিংক করে দিতে হবে। নিচে একটা Example দেওয়া হলো:

```
<STYLE TYPE="text/css">
```

```
<!-- /* $WEFT -- Created by: Topon Kumar Paul (probashbd@yahoo.com) on  
5/28/2004 -- */
```

```
@font-face {  
    font-family: SolaimanLipi;  
    font-style: normal;  
    font-weight: normal;  
    src: url(SOLAIMA0.eot);  
}
```

```
@font-face {  
    font-family: SolaimanLipi;  
    font-style: oblique;
```

```
font-weight: normal;  
src: url(SOLAIMA1.eot);  
}  
-->  
</STYLE>
```

## ভবিষ্যতে কী হবে?

ভবিষ্যতে Microsoft Windows-এ বাংলা Font-এর Support থাকবে এবং **Microsoft Global Input Method Editor (IME)**-এর ভিতর বাংলা অন্তর্ভুক্ত হবে বলে আশা করা যায়। তখন আপনাকে বাংলা ফন্টসহ বাংলা IME Install করতে হবে। উল্লেখ্য যে, Microsoft-এর Arial Unicode MS font file-এর ভিতর বাংলা font আছে। শুধু বাংলা IME থাকলেই আপনি ইংরেজীর মত বাংলাতেও ওয়েবপেজ ডিজাইন করতে পারবেন।

আপনার কোন মন্তব্য থাকলে ই-মেইল করুন এ ঠিকানায়: [probashibd@yahoo.com](mailto:probashibd@yahoo.com) .